ভোরের কাগজ

175

তারিখ ... DEC. 1 ৯ 1999 ... ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ......




*রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর বিচারপতি সাহাবুদ্দীন আহমদ গতকাল শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেনকে সম্মানিত ডক্টরেট ডিগ্রি প্রদান করেন*

*- সংবাদ*

# নিশ্ছিদ্র নিরাপত্তার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

## চাই সৃষ্টিশীল ও গঠনমূলক ভিন্ন মত ঃ অমর্ত্য সেন

## আগামী শতক শান্তির বার্তা বয়ে আনুক ঃ শেখ হাসিনা

নিজস্ব বার্তা পরিবেশক ॥ নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন বলেছেন, উচ্চ শিক্ষার মূল লক্ষ্যই হচ্ছে সৃষ্টিশীল ও গঠনমূলক ভিন্নমত তৈরি করা। গতকাল শনিবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন বক্তৃতায় তিনি একথা বলেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবর্তনে অমর্ত্য সেন আরো বলেন, সৃষ্টিশীল ভিন্নমত গঠনমূলক বিতর্কের মধ্য দিয়েই স্বাধীন সার্বভৌম বাংলাদেশের জন্ম হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০তম ও স্বাধীনতা-উত্তরকালে প্রথম সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণের পাশাপাশি দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক 'ডক্টর অফ লজ' এবং অমর্ত্য সেনকে সম্মানসূচক 'ডক্টর অফ সায়েন্স' ডিগ্রি প্রদান করা হয়। এর আগে অবশ্য ১৯৯৩ সালে নোবেল বিজয়ী অধ্যাপক আবদুস সালাম ও '৯৭ সালে ইউনেস্কো প্রধান ফ্রেডরিকো মায়োরকে সম্মাননা ডিগ্রি দিতে বিশেষ সমাবর্তন হয়েছিল।

শান্তি সংস্কৃতি সৃষ্টি, গণতন্ত্র সমাবর্তন ঃ পৃঃ ২ কঃ ৫

## সমাবর্তন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পৃষ্ঠার পর )

